



## চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে বাস দুর্ঘটনায় নিহত ১



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে দুই যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে এক কলেজছাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও কয়েকজন যাত্রী আহত হয়েছেন। মঙ্গলবার (২৩ জুন) সকাল সাড়ে ৮টার দিকে লোহাগাড়া উপজেলার চুনতি বাজার এলাকায় এ দুর্ঘটনা ঘটে। সংঘর্ষে দুটি বাসের সামনের অংশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়। নিহত শিক্ষার্থীর নাম সুরাইয়া জাম্মাত (১৯)। তিনি বাঁশখালী উপজেলার পুঁইছড়ি ইউনিয়নের আরব শাহ ঘোণাপাড়া এলাকার মাওলানা আরিফুল রহমানের মেয়ে। প্রত্যক্ষদর্শীরা জানান, কক্সবাজারমুখী ইম্পেরিয়াল পরিবহনের একটি বাস এবং চট্টগ্রামমুখী পুরবী পরিবহনের আরেকটি বাস চুনতি বাজার এলাকায় পৌঁছালে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে বাসে থাকা যাত্রীরা আহত হন।

দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় লোকজন, ফায়ার সার্ভিস ও পুলিশ ঘটনাস্থলে গিয়ে উদ্ধার অভিযান চালায়। আহতদের দ্রুত লোহাগাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় সুরাইয়া জাম্মাত মারা যান।

দোহাজারী হাইওয়ে থানার ওসি মোহাম্মদ সালাউদ্দিন চৌধুরী জানান, দুর্ঘটনাকবলিত দুটি বাস জব্দ করা হয়েছে। ঘটনার কারণ তদন্ত করে দেখা হচ্ছে এবং আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।